গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
শৃঙ্খলা-১(১) অধিশাখা
www.mopa.gov.bd

১৬ ফাল্গুন, ১৪২৭
নং-০৫.০০.০০০০.১৮০.২৭.৩৩.২০-৪২ তারিখঃ-------------------------
০১ মার্চ, ২০২১

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ মাহবুব কবীর (পরিচিতি নম্বর-৪২৫৪), প্রাক্তন অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়-এর উদ্ধৃতি দিয়ে গত ২৯ জুলাই, ২০২০ তারিখে Jagonews24.com নামের অনলাইন পত্রিকায় “৩ মাসে দুর্নীতি দূর করতে ১০ কর্মকর্তার উইং চান অতিরিক্ত সচিব” শিরোনামে একটি লেখা প্রকাশিত হয়; এবং

যেহেতু, যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত ও প্রকৃত দায়িত্ব পালনের ক্ষেত্র ব্যতীত পত্রিকায় প্রকাশিত উক্ত লেখায় তাঁর মনগড়া, ভিত্তিহীন ও সরকারের জন্য অস্বস্তিকর বক্তব্য প্রকাশিত হওয়া সরকারি কর্মচারী হিসেবে তাঁর আচরণ বিধি লঙ্ঘনের শামিল হওয়ায় এবং তিনি সরকারের অতিরিক্ত সচিব পদের কর্মকর্তা বিধায় মহামান্য রাষ্ট্রপতির অনুমোদনক্রমে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ মাহবুব কবীর-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৫-১১-২০২০ খ্রি. তারিখের ১৮৭ নম্বর স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণের মাধ্যমে তাঁকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হলে তিনি ১৫-১১-২০২০ খ্রি. তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন; এবং

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় গত ২৭-০১-২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিঅন্তে মামলার অভিযোগ, উভয় পক্ষের বক্তব্য, দাখিলকৃত কাগজপত্র ও প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ মাহবুব কবীর (পরিচিতি নম্বর-৪২৫৪)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এর অভিযোগ প্রমাণিত হয়; এবং

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ার এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক প্রশাসনিক বিষয়াদি বিবেচনায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ক) মোতাবেক তাঁকে ‘তিরস্কার’ নামীয় লঘুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হলে উক্ত লঘুদণ্ড আরোপের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেন;

সেহেতু, জনাব মোঃ মাহবুব কবীর (পরিচিতি নম্বর-৪২৫৪), প্রাক্তন অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী ‘অসদাচরণ’ এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক প্রশাসনিক বিষয়াদি বিবেচনায় একই বিধিমালার বিধি ৪(২)(ক) মোতাবেক তাঁকে ‘তিরস্কার’ নামীয় লঘুদণ্ড প্রদান করা হলো।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০১/০৩/২০২১

(শেখ ইউসুফ হারুন)
সচিব।

চলমান পাতা-২

D:\Desphar\Kabir Praggapan-2017-18.doc

১৬ ফাল্গুন, ১৪২৭

নং-০৫.০০.০০০০.১৮০.২৭.৩৩.২০- ৪১/১ (৩৫)  তারিখঃ---------------------------

০১ মার্চ, ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।

৩। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।

৪। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও তদন্ত/এপিডি অনুবিভাগ), জনপ্রশাসন মন্ত্রণালয়।

৫। জনাব মোঃ মাহবুব কবীর (পরিচিতি নম্বর-৪২৫৪), প্রাক্তন অতিরিক্ত সচিব, রেলপথ মন্ত্রণালয় বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (অতিরিক্ত সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। যুগ্মসচিব (শৃঙ্খলা-১/মাঠ প্রশাসন/উর্ধ্বতন নিয়োগ/সিআর অধিশাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়।

৭। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।

৮। সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। উপসচিব (উনি-২ শাখা), জনপ্রশাসন মন্ত্রণালয়।

১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।

১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২, পুরানা পল্টন, ঢাকা।

১২। সিনিয়র সিস্টেম এনালিস্ট (পিএসিসি), জনপ্রশাসন মন্ত্রণালয়(পি.ডি.এস. হালনাগাদের অনুরোধসহ)।

১৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০১/০৩/২০২১

(মোঃ নূরুল হক)
উপসচিব
ফোন-৯৫৭৩৬১৮।

D:\Dropbox\Kabir\Preggapon-2017-18.doc